দৈনিক সংবাদ

তারিখ 0 5 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

78

## বিএনসিসি'তে সামরিক বিজ্ঞান

আমাদের দেশে বিশেষ করে বাংলাদেশ ক্যাডেট কলেজ ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর(বিএনসিসি) সামরিক শিক্ষা প্রদান করছে। কেবলমাত্র ক্যাডেট কলেজসমূহে রণকৌশল, যুদ্ধচলাকালীন সময়ে আত্মরক্ষামূলক কৌশল, কতিপয় প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও অগ্নি নির্বাপকমূলক ব্যবস্থাসম্বলিত 'সামরিক বিজ্ঞান' নামক একটি বই পাঠ্যপুস্তক হিসাবে সন্নিবেশিত রয়েছে—যা 'সিভিল ডিফেন্স' নামে তৎকালে পূর্ব পাকিস্তান সময়ে নবম ও দশম শ্রেণীতে পাঠ্যপুস্তক হিসাবে বহাল ছিল।

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহেও অনুরূপ পুস্তক পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব, বিএনসিসি কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট অন্যান্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

ক্যাডেট এস, এম, শামীম,
মহাস্থান রেজিমেন্ট,
সরকারী এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ, পাবনা।

## বি, কম পরীক্ষার ফল প্রকাশের আবেদন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে বি, কম (পাস) কোর্সের পরীক্ষা গত ডিসেম্বর, ১৯৮৮ সনের মাঝামাঝিতে সম্পন্ন হয়। ইতিমধ্যে পাঁচ মাস উত্তীর্ণ হওয়ার পথে। গত বছরও এরূপ পরীক্ষার ফলাফল বের হতে আট-নয় মাস সময় লাগে। ফলে ছাত্রদের লেখাপড়া এক বছর পিছিয়ে যায়। একটি বছর অতীত হওয়ার ফলে ছাত্রদের লেখাপড়ায় ব্যাঘাত সৃষ্টি হয়। এ বছরও পূর্বের ন্যায় পরীক্ষার ফল প্রকাশে গড়িমসি না করে আগামী ৩১শে মের ভিতর পরীক্ষার ফলাফল প্রকাশ করলে পরীক্ষার্থী ও অভিভাবকগণ উপকৃত হবেন। এ ব্যাপারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

প্রবীর কর,
বি,কম (পাস) পরীক্ষার্থী,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## এস,এস,সি পরীক্ষার খাতা সতর্কতার সাথে মূল্যায়ন প্রসঙ্গে

সম্প্রতি এক দৈনিক পত্রিকার সম্পাদকীয় কলাম পড়ে জানলাম, ১৯৮৯-এ অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষার মফস্বল অঞ্চলের বিশেষ বিশেষ কেন্দ্রের খাতাগুলো বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষকদের "সতর্কতার সাথে মূল্যায়ন" করতে বলেছেন। তাদের এই সিদ্ধান্তে একথা মনে হতে পারে যে, ঐসব কেন্দ্র থেকে যেসব পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে তারা সকলেই নকল করেছে। তীব্র অর্থকষ্টে অথবা অবস্থানগত কারণে যে সকল মেধাবী ভাল ছাত্র ঐ সকল এলাকা থেকে লেখা পড়া করেছে তারা কি কর্তৃপক্ষের বিশেষ মূল্যায়নের ফাঁদে আটকা পড়ে অবমূল্যায়িত হবে না? অন্যদিকে শহরাঞ্চলে এমন কিছু কেন্দ্র রয়েছে যেখানে গ্রামাঞ্চলগুলির মতই নকল হয়েছে। ঐসব কেন্দ্রের নকলবাজ ছাত্ররা কি এ ব্যবস্থায় পার পেয়ে যাবে না? আমরা অসদুপায় অবলম্বনকারীদের যেমন শাস্তি দাবী করি তেমনি যারা নকল করেনি তারা যাতে কড়াকড়ি ও সতর্কতার নামে কোনভাবে দণ্ডিত না হয় তারও নিশ্চয়তা দাবী করি।

সুব্রত নন্দী,
৪১২, সোহরাওয়ার্দী হল,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,
ময়মনসিংহ।